দৈনিক জনকণ্ঠ

18

তারিখ 14 DEC 1998
পৃষ্ঠা ৬ কলাম ৫

# প্রাথমিক বৃত্তি পরীক্ষার তারিখ পুনর্ধার্য ॥ ত্রুটি নির্ণয়ে তদন্ত কমিটি

প্রশ্নপত্রের প্যাকেটে কোড নম্বর প্রদান সংক্রান্ত টেকনিক্যাল ত্রুটির কারণে সৃষ্ট বিভ্রান্তির জন্য ১৯৯৮ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার তারিখ পুনরায় ধার্য করা হয়েছে। প্রকৃত ঘটনা উদঘাটনের উদ্দেশ্য এবং এ ব্যাপারে দায়দায়িত্ব নির্ধারণের জন্য বাংলাদেশ সরকারের একজন উপসচিবকে আহ্বায়ক করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ২৭ ডিসেম্বরের মধ্যে তদন্ত কাজ সম্পন্ন করে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে তদন্ত প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। তদন্ত কমিটির রিপোর্ট প্রাপ্তির পর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তথ্য বিবরণী।